

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মানুসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি শাখা-০১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৫১.০৮.০০১.১৯.১২১

তারিখঃ

১৬ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ  
৩১ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

যেহেতু আপনি জনাব মামুন-অর রশিদ, জুনিয়র ইনস্ট্রাটুর (গার্মেন্টস ডিজাইন অ্যান্ড প্যাটার্ন মেকিং), চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনসিটিউট উষ্ণ পর্বের ছাত্রী ইসরাত জাহান (রোল নম্বর ১৪৮৫২০, গার্মেন্টস ডিজাইন অ্যান্ড প্যাটার্ন মেকিং বিভাগ) কে তার মোবাইল মেসেজ ও চেম্বারে ডেকে নিয়ে অনেকিক প্রস্তাব দেন এবং তাকে বার বার কাছে পেতে চান। আপনার এহেন অনেকিক প্রস্তাবে উক্ত ছাত্রী রাজী না হলে তাকে পরীক্ষায় ফেল করানোর হমকি দেন মর্মে অধ্যক্ষ, চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনসিটিউটের প্রেরিত প্রতিবেদন অনুযায়ী প্রাথমিকভাবে প্রমাণিত হয়; এবং

যেহেতু উক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে ইসরাত জাহান আপনার বিরুদ্ধে হালি শহর থানায় ২২/০৭/২০১৯ খ্রি. তারিখে ১১২০ নম্বর সাধারণ ডায়রী করেন; এবং

যেহেতু উক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয় এবং উক্ত ডায়রীর কারণে হালিশহর থানার পুলিশ আপনাকে অনুসন্ধান করছে; এবং


যেহেতু আপনার এ ধরণের কার্যকলাপ শিক্ষাঙ্গনে মারাত্মক নেতৃত্বাচক প্রভাব ফেলে এবং প্রতিষ্ঠানের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ণ হয় ; এবং

যেহেতু আপনার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এর পর্যায়ভুক্ত এবং উক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজুসহ এ পর্যায়ে জনস্বার্থে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত ও আবশ্যিক বলে কর্তৃপক্ষের নিকট প্রতিয়মান হয়।

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২ এর উপবিধি (১) অনুযায়ী আপনাকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত (Suspension) করা হলো এবং একইসাথে আপনার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২। আপনি সাময়িক বরখাস্তকালে (Suspension Period) বিধি মোতাবেক খোরাকী ভাতাসহ (Subsistence Allowance) অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(মুনশী শাহবুদ্দিন আহমেদ)  
সচিব

ফোন: ৯৫৮২২২০

ফ্যাক্স: ৯৫৮৪৪৬৬

ই-মেইল: [secretary@tmed.gov.bd](mailto:secretary@tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৫১.০৮.০০১.১৯.১২১(১২)

তারিখঃ ৩১ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

১৬ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২) মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মান্দাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ৪) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ৬) পুলিশ সুপার, চট্টগ্রাম।
- ৭) অধ্যক্ষ, চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনসিটিউট, চট্টগ্রাম।
- ৮) সিস্টেম এনালিষ্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মান্দাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(আদেশটি অত্র বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম।
- ১০) জনাব মামুন-অর রশিদ, জুনিয়র ইনস্ট্রাকচর, গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ন মেকিং, চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনসিটিউট, চট্টগ্রাম।
- ১১) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও উন্নয়ন অনুবিভাগ, কারিগরি ও মান্দাসা শিক্ষা বিভাগ, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ১২) ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি অনুবিভাগ, কারিগরি ও মান্দাসা শিক্ষা বিভাগ, পরিবহন পুল ভবন, ঢাকা।

  
৩১/০৭/২০১৯  
(মোঃ আব্দুর রহমান)  
উপসচিব (কারিগরি)  
ফোনঃ ৯৫ ৮৪ ৬৬৬